# রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - বিষয় সংশ্লিষ্ট যিকর ও দু’আ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

শিশুদের হেফাজতের দু‘আ

যিকর নং ১৮০ : শিশুদের হেফাজতের দু‘আ

أُعِيذُكُمْ (أعوذُ) بكلماتِ اللهِ التامَّةِ مِن كُلِّ شيطانٍ وهامَّةٍ ومِن كُلِ عَيْنٍ لامَّةٍ

উচ্চারণঃ উ‘ঈযুকুম (অথবা: আ‘ঊযু) বিকালিমা-তিল্লা-হিত তা-ম্মাতি মিন কুল্লি শাইতানিওঁ ওয়া হা-ম্মাহ, ওয়া ‘আইনিল লা-ম্মাহ।

অর্থঃ আমি তোমাদেরকে আশ্রয়ে রাখছি (অথবা, আমি আশ্রয় গ্রহণ করছি) আল্লাহর পরিপূর্ণ কথাসমূহের, সকল শয়তান থেকে, সকল ক্ষতিকারক পোকামাকড় ও প্রাণী থেকে এবং সকল ক্ষতিকারক দৃষ্টি থেকে।

রাসূলুল্লাহ (সা.) এই বাক্যগুলি দ্বারা হাসান ও হুসাইনকে (রাঃ) হেফাজত করাতেন। তিনি বলতেন, ইবরাহীম (আ.) এই বাক্যদ্বারা তার দুই সন্তান ইসমাঈল ও ইসহাককে (আঃ) হেফাজত করাতেন।[1]সকল মুমিন পিতা ও মাতার উচিত সকাল ও সন্ধ্যায় এই বাক্যগুলি পাঠ করে সন্তানদের ফুঁক দেওয়া ও দু‘আ করা।

## ফুটনোট

[1] সহীহ বুখারী ৩/১২৩৩, নং ৩১৯১, সুনানুত তিরমিযী ৪/৩৯৬, নং ২০৬০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8847

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন